

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ
(২০২৬ ইং সনের ৮৬ নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ২০ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখ রোজ সোমবার সকাল ১০ঃ৩০ মিনিট হইতে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত বেঞ্চসমূহ গঠন করা হইল :

১.

বিচারপতি এস. এম. মনিরুজ্জামান
এবং
বিচারপতি দিহিদার মাসুম কবীর

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ১২৪ ধারা মোতাবেক রিভিশন/আপীল সহ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১-এর ধারা ৪২(১)(গ) ক্ষমতাবলে এ্যাপিলেট ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত বা আদেশের বিরুদ্ধে আপীল; আয়কর রেফারেন্স মোকদ্দমা ও আয়কর সংক্রান্ত রীট; কাস্টমস, ভ্যাট আইন সংক্রান্ত সকল প্রকার রীট গ্রহণ ও শুনানী; কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯-এর ধারা ১৯৬ডি ও কাস্টমস এ্যাক্ট, ২০২৩ এর ধারা ২২৬ অনুযায়ী আপীল শুনানী; ২০০৯ ইং সনের ট্রেডমার্ক আইনের অধীনে আপীল; ১৯১১ ইং সনের পেটেন্ট ও ডিজাইন আইনের ৫১(ক) এবং ২৬(খ), (গ), (ঘ) ও (ঙ) ধারামতে আবেদনপত্র ও আপীল; ২০২৩ ইং সনের বাংলাদেশ শিল্প নকশা আইন অনুযায়ী আপীল ও তৎসংক্রান্ত আবেদনপত্র; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

২.

বিচারপতি শিকদার মাহমুদুর রাজী

একক বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য অতীব জরুরী আদিম অধিক্ষেত্রাধীন বিষয়; সাকসেশন আইন, ১৯২৫ অনুযায়ী ইচ্ছাপত্র ও ইচ্ছাপত্র ব্যতিরেকে মৃত ব্যক্তির বিষয়বস্তুর অধিক্ষেত্র; বিবাহ বিচ্ছেদ আইন, ১৮৬৯ অনুযায়ী মোকদ্দমা; প্রাইজ কোর্ট বিষয়সহ এ্যাডমিরেলটি কোর্ট আইন, ২০০০ অধিক্ষেত্রাধীন মোকদ্দমা; মার্চেন্ট শিপিং অর্ডিন্যান্স, ১৯৮৩ এর অধীনে আবেদনপত্র; ২০০৯ ইং সনের ট্রেডমার্ক আইনের অধীন আবেদনপত্র; ১৯১৩ ও ১৯৯৪ ইং সনের কোম্পানী আইনের ১২-১৩, ৮১, ৮৫, ২২৮-২২৯, ৫৯-৬০, ১৫৯ এবং ১৭১ ধারামতে আবেদনপত্র গ্রহণ করিবেন; ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ ইং (১৯৯১ ইং সনের ১৪ নং আইন) অনুযায়ী আবেদনপত্র; সালিশ আইন, ২০০১ (২০০১ ইং সনের ১ নং আইন) অনুযায়ী আপীল ও আবেদনপত্র; বীমা আইন, ২০১০ ইং অনুযায়ী আপীল ও তৎসংক্রান্ত আবেদনপত্র গ্রহণ করিবেন; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন। উল্লেখ্য যে, অত্র বেঞ্চে কাগজমুক্ত (Paper free) হওয়ায় ই-ফাইলিং আবশ্যিক।

স্বাঃ-

বাংলাদেশের প্রধান বিচারপতি

তারিখঃ ১৯ এপ্রিল ২০২৬ খ্রি।

প্রচারের জন্যঃ

১. বিচারপতি এস. এম. মনিরুজ্জামান
২. বিচারপতি শিকদার মাহমুদুর রাজী
৩. বিচারপতি দিহিদার মাসুম কবীর